



প্রদান বাধ্যতামূলক নয়, এমন তথ্যের তালিকা:

১.	কোনো বিদেশী রাষ্ট্রের নিকট থেকে প্রাপ্ত কোনো গোপনীয় তথ্য ;
২.	কোনো তথ্য প্রকাশের ফলে তৃতীয় পক্ষের বুদ্ধিভিত্তিক অধিকার ক্ষতিগ্রস্ত হতে পারে, এরূপ বাণিজ্যিক বা ব্যবসায়িক অন্তর্নিহিত (গোপনীয়তা বিষয়ক, কপিরাইট বা বুদ্ধিবৃত্তিক সম্পদ (Intellectual Property Rights) সম্পর্কিত তথ্য;
৩.	কোনো তথ্য প্রকাশের ফলে কোনো বিশেষ ব্যক্তি বা সংস্থাকে লাভবান বা ক্ষতিগ্রস্ত করতে পারে এরূপ তথ্য যথা- (ক) আয়কর, শুল্ক, ভ্যাট ও আবগারি আইন, বাজেট বা করহার পরিবর্তন সংক্রান্ত কোনো আগাম তথ্য; (খ) মুদ্রার বিনিময় ও সুদের হারের পরিবর্তনজনিত কোনো আগাম তথ্য; (গ) ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠানসমূহের পরিচালনাওতদারকি সংক্রান্ত কোনো আগাম তথ্য;
৪.	কোনো তথ্য প্রকাশের ফলে প্রচলিত আইনের প্রয়োগ বাধাগ্রস্ত হতে পারে বা অপরাধ বৃদ্ধি পেতে পারে এরূপ তথ্য;
৫.	কোনো তথ্য প্রকাশের ফলে জনগণের নিরাপত্তা বিঘ্নিত হতে পারে বা বিচরাধীন মামলার সুস্থ বিচার কার্য ব্যাহত হতে পারে এরূপ তথ্য;
৬.	কোনো তথ্য প্রকাশের ফলে কোনো ব্যক্তির ব্যক্তিগত জীবনের গোপনীয়তা ক্ষুণ্ণ হতে পারে এরূপ তথ্য;
৭.	আইন প্রয়োগকারী সংস্থার সহায়তার জন্য কোনো ব্যক্তি কর্তৃক গোপনে প্রদত্ত কোনো তথ্য;
৮.	আদালতে বিচরাধীন কোনো বিষয় এবং যা প্রকাশে আদালত বা ট্রাইবুনালের নিষেধাজ্ঞা রয়েছে অথবা যার প্রকাশ আদালত অবমাননার শামিল এরূপ তথ্য;
৯.	তদন্তাধীন বিষয় যার প্রকাশ তদন্ত কাজে বিঘ্ন ঘটতে পারে এরূপ তথ্য;
১০.	কোনো অপরাধের তদন্ত প্রক্রিয়া এবং অপরাধী গ্রেফতার ও শাস্তিকে প্রভাবিত করতে পারে এরূপ তথ্য;
১১.	আইন অনুসারে কেবল একটি নির্দিষ্ট সময়ের জন্য প্রকাশের বাধ্য বাধকতা রয়েছে এরূপ তথ্য;
১২.	কৌশলগত বাণিজ্যিক কারণে গোপন রাখা বাঞ্ছনীয় এরূপ কারিগরি বা বৈজ্ঞানিক গবেষণালব্ধ কোনো তথ্য;
১৩.	কোনো ক্রয় কার্যক্রম সম্পন্ন হওয়ার পূর্বে বা এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের পূর্বে সংশ্লিষ্ট ক্রয় বা ক্রয় কার্যক্রম সংক্রান্ত কোনো তথ্য;
১৪.	জাতীয় সংসদের বিশেষ অধিকার হানির কারণ হতে পারে এরূপ তথ্য;
১৫.	কোনো ব্যক্তির আইন দ্বারা সংরক্ষিত গোপনীয় তথ্য;
১৬.	পরীক্ষার প্রশ্নপত্র বা পরীক্ষার প্রদত্ত নম্বর সম্পর্কিত আগাম তথ্য;
১৭.	সাইসমিক সার্ভে, কুপ, ফিল্ড সম্পর্কিত তথ্য ;




(পল্লব কুমার দত্ত)

উপব্যবস্থাপক (কারিগরি) আইসিটি শাখা এবং
কমিটির সদস্য-সচিব




(মোঃ সেলিম)

উপব্যবস্থাপক (প্রশাসন) এবং
কমিটির সদস্য ও বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা



(মুহাম্মদ শাহ আলম)

ব্যবস্থাপক (সমন্বয়), এমডি সেকশন এবং
কমিটির সদস্য



(নিধু ভূষণ দাস)

ব্যবস্থাপক (সিএসআর) এবং
কমিটির আহবায়ক ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা